

মুরাদনগর উপজেলা পরিষদ
কুমিল্লা

মুরাদনগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
তারিখ	ঃ ০৪ অক্টোবর ২০২০
সময়	ঃ সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান	ঃ কবি নজরুল মিলনায়তন, মুরাদনগর, কুমিল্লা
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত পরিষদের সম্মানিত উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব ইউসুফ আব্দুল্লাহ হারুন, এফসিএ এবং সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা পরিষদের সভায় (ক) জনাব ছফু মিয়া সরকার, সাবেক চেয়ারম্যান, রামচন্দ্রপুর (উত্তর) ইউনিয়ন পরিষদ (খ) জনাব আবুল হাসেম বেগ, সাবেক চেয়ারম্যান, ০১ নং শ্রীকাইল ইউনিয়ন পরিষদ (গ) শ্রী সঞ্জিত কুমার দাস গুপ্ত বলাই, সাবেক চেয়ারম্যান, ১৯ নং দারোরা ইউনিয়ন পরিষদ, মুরাদনগর (ঘ) রামচন্দ্রপুর (দক্ষিণ) ইউনিয়ন পরিষদের ইউপি সচিব প্রদীপ চন্দ্র সূত্রধর এর মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করা হয়। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর কর্তৃক সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। পরবর্তীতে সভায় বিভাগভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্বাস্থ্য বিভাগ	<p>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুরাদনগর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি অব্যাহত রয়েছে। ২য় ধাপে করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার সভায় সরকারের নির্দেশনা অনুযায়ী দোকান পাট, ব্যবসা প্রতিষ্ঠান নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরিচালনা, ধর্মীয় উপাসনালয়ে প্রার্থনার ক্ষেত্রে ধর্মমন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা এবং জনসাধারণকে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচলের অনুরোধ করেন।</p>	<p>(ক) হাসপাতালে গরীব মানুষ যেন ঠিকমত ঔষধ ও চিকিৎসা পায় সেদিকে সর্বাঙ্গিক নজর রাখতে হবে।</p> <p>(খ) ২য় ধাপে করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলে সতর্কতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>(গ) সরকারের নির্দেশনা অনুযায়ী দোকান পাট, ব্যবসা প্রতিষ্ঠান নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরিচালনা, ধর্মীয় উপাসনালয়ে প্রার্থনার ক্ষেত্রে ধর্মমন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা করা এবং জনসাধারণকে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচলের সিদ্ধান্ত হয়।</p>	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল
০২	উপজেলা প্রকৌশল বিভাগ	<p>(ক) উপজেলা প্রকৌশলী, মুরাদনগর সভায় জানান যে, মুরাদনগর উপজেলায় সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য প্রাক্কলন অনুমোদন পাওয়া গিয়েছে। ফলে অনুমোদিত নকশা অনুযায়ী নতুন প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, বাড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ কাটা উপজেলা কমিটির সুপারিশ সম্বলিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।</p> <p>(খ) উপজেলা প্রকৌশলী, মুরাদনগর সভায় আরো জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে অগ্রাধিকার ভিত্তিতে এ উপজেলার অনুকূলে সড়ক (৩ কিঃমিঃ), ড্রেন (১.৫০ কিঃমিঃ), কালভার্ট (৫মিঃ), পাবলিক টয়লেট (৩টি), কসাই খানা (০১টি), কাঁচা বাজার (০১টি) এর স্থান নির্বাচন ও প্রাক্কলন প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।</p>	<p>(ক) এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণসহ উপজেলা পরিষদের অভ্যন্তরে কিছু মরা, বাড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ নিলামে বিক্রয় করার লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত জেলাপ্রশাসক, কুমিল্লা বরাবরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে অগ্রাধিকার ভিত্তিতে এ উপজেলার অনুকূলে সড়ক (৩ কিঃমিঃ), ড্রেন (১.৫০ কিঃমিঃ), কালভার্ট (৫মিঃ), পাবলিক টয়লেট (৩টি), কসাই খানা (০১টি), কাঁচা বাজার (০১টি) এর প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</p>	উপজেলা প্রকৌশলী
০৩	প্রাণিসম্পদ বিভাগ	<p>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এর প্রতিনিধি জানান যে, সেপ্টেম্বর/২০ মাসে ২৭৭০ মাত্রার গবাদি প্রাণি ও ১৬০০০ মাত্রার হাঁস-মুরগীকে টিকা বীজ প্রদান করা</p>	<p>(ক) ব্লাউফ্লু এবং এ্যানথ্রাক্স বা তড়কা রোগ প্রতিরোধে মনিটরিং জোরদার এবং টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		হয়েছে। সরকারি/বেসরকারি পর্যায়ে হাঁস-মুরগীর বাচ্চা বিতরণ- ৪৫,০০০টি, গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর খামার স্থাপন ০৮ টি, টিকা বীজ বিক্রয় বাবদ সরকারি কোষাগারে জমা-৬,৬৫৫/- টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ সরকারি কোষাগারে জমা-৩৮,৫৫০/- টাকা।	(খ) উন্নত জাতের পশু খাদ্য কিভাবে তৈরি করা যায় সেজন্য কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
০৪	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, মুরাদনগর জানান যে, পারিবারিক সবজি পুষ্টিবাগান প্রণোদনা কর্মসূচীর আওতায় উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তার লক্ষ্যে এ উপজেলায় ৭০৪ জন কৃষকদের মধ্যে বিনামূল্যে সবজি বীজ বিতরণ করা হয়। অতিবৃষ্টি ও বন্যাজনিত কারণে কৃষকদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে ২০০ জন কৃষকের মধ্যে ইউনিয়নওয়ারী বরাদ্দ তৈরির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি AMISDP প্রকল্পের অটোম্যাটেড রেইনগজ (বৃষ্টি পরিমাপক) যন্ত্র ইউনিয়ন পরিষদে সংরক্ষণ এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের জন্য কৃষক পরামর্শ কেন্দ্র হিসেবে কক্ষ বরাদ্দের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।	(ক) মাঠ পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের নির্দিষ্ট ব্লকে উপস্থিতি নিশ্চিতসহ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। (খ) AMISDP প্রকল্পের অটোম্যাটেড রেইনগজ (বৃষ্টি পরিমাপক) যন্ত্র ইউনিয়ন পরিষদে সংরক্ষণ এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের জন্য কৃষক পরামর্শ কেন্দ্র হিসেবে কক্ষ বরাদ্দের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার ও ইউনিয়ন চেয়ারম্যান (সকল)
০৫	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০ মাসে ২১ জন মৎস্যচাষী/মৎস্যজীবী ও উদ্যোক্তাদের পরামর্শ প্রদান করা হয়েছে এবং মৎস্য সংরক্ষণে ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণে ০১টি অভিযান পরিচালনা করা হয়েছে।	মৎস্যজীবীদের পরামর্শ প্রদান এবং মৎস্য সংরক্ষণে ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
০৬	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাসের কারণে অনলাইন পদ্ধতি এবং টেলিভিশনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে।	করোনা ভাইরাসের কারণে শিখন-শিখনো কৌশল পরিবর্তন এবং অনলাইন পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
০৭	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাসের কারণে অনলাইন পদ্ধতি এবং টেলিভিশনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে।	করোনা ভাইরাসের কারণে শিখন-শিখনো কৌশল পরিবর্তন এবং অনলাইন পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৮	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার, মুরাদনগর সভায় জানান যে, ভাতা বিতরণ ও ত্রাণসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি অব্যাহত আছে।	মানবিক সহায়তা কার্যক্রম অব্যাহত রাখতে হবে	উপজেলা সমাজসেবা অফিসার
০৯	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুরাদনগর সভায় জানান যে, সেপ্টেম্বর/২০ মাসে পরিবার পরিকল্পনা কার্যক্রমের আওতায় খাবার বড়ি ৩৩০ জনকে, কনডম ৯০৪ জনকে, আপন ৯০৪ জনকে, ইনজেকশন ১৮৩ জনকে, আইইউডি ৫৮ জনকে, ইমপ্লান্ট ৫৮ জনকে, স্থায়ী পদ্ধতি ০৭ জনকে, গর্ভকালীন সেবা ১৪০৭ জনকে, স্বাভাবিক প্রসব সেবা ৬৩ জনকে, প্রসব পরবর্তী সেবা ৭২৬ জনকে, নবজাতক সেবা ৬৪৪ জনকে, শিশু স্বাস্থ্য সেবা ১৮৬০ জনকে, সাধারণ রোগী সেবা ৬৬১০ জনকে, কিশোর কিশোরী স্বাস্থ্য সেবা ৬৯৬০ জনকে এবং পুষ্টি সেবা ৩৮২৮ জন প্রদান করা হয়েছে। মোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৫.৩৮%।	(ক) পরিবার পরিকল্পনা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (খ) জনসংখ্যা নিয়ন্ত্রণে CAR পদ্ধতি গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জননিয়ন্ত্রণ পদ্ধতিগুলোর কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
১০	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মুরাদনগর সভায় জানান যে, সেপ্টেম্বর/২০ মাসে ১৭.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ এবং ২১.০৭ লক্ষ টাকা আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার প্রায় ৯২%।	ঋণ আদায়ের ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকতার সাথে কাজ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১১	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি মুরাদনগর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি অব্যাহত রয়েছে।	খাদ্য বাস্তব কর্মসূচিতে যাতে কোন অনিয়ম না হয় সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১২	দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মুরাদনগর সভায় জানান যে, যথারীতি কার্যক্রম অব্যাহত রয়েছে।	প্রকল্প বাস্তবায়ন কাজসহ সকল কাজ যথাযথভাবে মান বাস্তবায়ন করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৩	বিদ্যুৎ বিভাগ	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোম্পানীগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১
১৪	সামাজিক বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি।	সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, এসএফএনটিসি
১৫	মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর সভায় জানান যে, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯০-তম জন্মবার্ষিকীতে দরিদ্র মহিলাদের মাঝে ০৬টি সেলাই মেশিন বিতরণ এবং ডিজিডি উপকারভোগীদের মাঝে ৬০মেগটন খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ৫০ জন প্রশিক্ষার্থীর তালিকা চূড়ান্ত করা হয়েছে।	সুবিধাভোগী যাচাই বাছাই সঠিকভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১৬	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুরাদনগর সভায় জানান যে, যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ বিতরণ ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।	বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে উদ্বুদ্ধ করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার,
১৭	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, মুরাদনগর সভায় জানান, এ উপজেলায় কার্যকরী সমবায় সমিতির সংখ্যা ২১৬টি। সমবায় সমিতিসমূহ নিয়মিত অডিট করা হচ্ছে।	সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট সম্পন্ন করতে হবে।	উপজেলা সমবায় অফিসার
১৮	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুরাদনগর সভায় জানান যে, বর্তমানে আর্সেনিক ঝুঁকি নিরসন, নিরাপদ পানি সরবরাহ এবং অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ পানি সরবরাহ নামে ০৩টি প্রকল্প চলমান রয়েছে। উক্ত প্রকল্পসমূহের সাইট লিস্ট প্রদানের জন্য তিনি মাননীয় এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	আর্সেনিক ঝুঁকি নিরাসন, নিরাপদ পানি সরবরাহ এবং অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পে সাইট লিস্ট প্রদানের জন্য মাননীয় এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৯	আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মুরাদনগর সভায় জানান যে, অফিসের দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে।	ঋণ প্রদান নীতিমালা অনুযায়ী সঠিকভাবে উপকারভোগী বাছাই করা এবং নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,
২০	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মুরাদনগর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি।	সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী
২১	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর সভায় জানান, অনেক ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল এর অবস্থা সন্তোষজনক নয়। ওয়েবসাইটে উপজেলার সকল সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদের গুরুত্বপূর্ণ তথ্য নির্দেশনা মোতাবেক আপলোড করতে হবে।	ওয়েবপোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/ সহকারী প্রোগ্রামার এবং উদ্যোক্তাগণ
২২	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দকৃত ১০ (দশ) লক্ষ টাকায় হস্তান্তরিত দপ্তরসমূহ হতে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই-বাছাই কাজ প্রক্রিয়াধীন রয়েছে।	দক্ষ মানবশক্তি ও আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষার্থী বাছাই করতে হবে।	হস্তান্তরিত দপ্তর প্রধান ও ইউডিএফ
২৩	ইউনিয়ন পরিষদ	১. চেয়ারম্যান, নবীপুর (পূর্ব) ইউপি ইউপি সভায় বলেন, কিছু অসাধু মৎস্য চাষীদের কারণে রাস্তার উন্নয়ন বাধা গ্রস্ত হচ্ছে। ভারী বর্ষণ হলে নগরপাড় ব্রীজ সংলগ্ন এলাকায় মৎস্য চাষের কারণে রাস্তা ব্যাপক ক্ষতিগ্রস্ত হচ্ছে। মৎস্য প্রকল্পের এলাকায় নিজস্ব খরচে বাঁধ নির্মাণ করা হলে রাস্তা রক্ষা পেতে পারে। ২. চেয়ারম্যান, নবীপুর (পশ্চিম) কোম্পানীগঞ্জ বাজারে অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং জলবদ্ধতা নিরসনে কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। ৩. চেয়ারম্যান, বাবুটিপাড়া ইউপি সভায় বলেন যে, সিংগা পুকুরপাড় এলাকায় এলজিইডি রাস্তা ভেঙ্গে যাচ্ছে। যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটর সম্ভবনা রয়েছে। এ বিষয়ে জরুরী ভিত্তি মেরামতে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।	১. মৎস্য চাষের কারণে উন্নয়ন বাধাগ্রস্ত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. কোম্পানীগঞ্জ বাজারে অবৈধ স্থাপনা উচ্ছেদে অফিসার ইনচার্জ, মুরাদনগর থানা এবং জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ৩. বাবুটিপাড়া ইউনিয়নে সিংগা পুকুরপাড় এলাকায় এলজিইডি রাস্তা মেরামতে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২৪	উপজেলা পরিষদ উপজেলা সংক্রান্ত	উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয়ঃ জনাব আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর সভায় বলেন যে, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষে ০১টি টেবিল ও প্রয়োজনীয় সংখ্যক ভিজিটরস চেয়ার প্রয়োজন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(ছ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের জন্য ০১টি টেবিল ও প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ক্রয় করার লক্ষ্যে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দ প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ
		উপজেলা পরিষদের হলরুমে সাউন্ড সিস্টেম স্থাপনঃ উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের হলরুমে বর্তমান সাউন্ড সিস্টেম নষ্ট হয়ে গিয়েছে। উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভা ছাড়াও বিভিন্ন সভা-সেমিনার হল রুমে অনুষ্ঠিত হয়ে থাকে। তাই জরুরী ভিত্তিতে নতুন সাউন্ড সিস্টেম স্থাপন করা প্রয়োজন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(চ) অনুচ্ছেদ মোতাবেক অফিস সরঞ্জাম ক্রয় খাতের আওতায় উপজেলা পরিষদের হলরুমে নতুন সাউন্ড সিস্টেম স্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ
		উপজেলা পরিষদ কমপ্লেক্সে গভীর নলকূপ স্থাপন বাবদ কন্ট্রিবিউশন মানি পরিশোধঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ কোয়ার্টারস ও অফিস ভবনসমূহে উপজেলা পরিষদের পুকুর হতে পানির লাইনের সংযোগ রয়েছে। কিন্তু বর্তমানে উপজেলা পরিষদের পুকুরের চূর্তদিক রিটেইনিং ওয়াল নির্মাণ কাজ শুরু করা হবে বিধায় পুকুরের পুকুর শুকিয়ে ফেলা হবে। উপজেলা পরিষদ কমপ্লেক্সে পানির চাহিদাপূরণের লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মাননীয় এমপি মহোদয়ের ৫০% লিফ্ট কর্তৃক প্রণীত বরাদ্দ হতে ১৭টি পয়ন্টে গভীর নলকূপ স্থাপন করা হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নে প্রতি গভীর নলকূপে ৭,০০০/- হারে ১৭*৭,০০০/-=১,১৯,০০০/- কন্ট্রিবিউশন মানি উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় অনুরোধ করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(ট) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ কমপ্লেক্সে গভীর নলকূপ স্থাপন বাবদ কন্ট্রিবিউশন মানি হিসেবে ১,১৯,০০০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ
		উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বিভিন্ন ব্যয় অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদে কর্মরত আবদুল মালেক, মালী এর সেপ্টেম্বর/২০ মাসের বিল বাবদ ১১,৭০০/-, পরিচ্ছন্নতা কর্মী, কমল বাঁশফোর বেতন বাবদ ৯,৯০০/-, চেক নং ১৪৯৭৭৫২-৫৩ তারিখঃ ০২/০৯/২০, উপজেলা পরিষদ গেইটে কর্মরত মোঃ জয়নাল আবেদীন, আনসারের বেতন বাবদ ব্যয় ১০,৫০০/-, মোঃ নাজমুল ইসলাম এর বেতন ৯,৬০০/-, চেক নং যথাক্রমে ১৪৯৭৭৭২-৭৫ পর্যন্ত তারিখঃ ০১/১০/২০, ব্যয়সমূহ সভায় উপস্থাপন করেন।	উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপস্থাপিত উল্লিখিত ব্যয়সমূহ যুক্তিযুক্তভাবে সম্পন্ন হওয়ায় সর্বসম্মতিক্রমে ব্যয়সমূহ অনুমোদিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৫	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসার টিআর/কাবিখা প্রকল্প বাস্তবায়নে প্রকল্প তালিকা দাখিল, এডিপি বিলের জামানতের ফেরত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পটির বাস্তবতা দেখে অর্থ ছাড় প্রদান এবং কোম্পানীগঞ্জ বাজারে জলাবদ্ধতা দূরীকরণে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।	টিআর/কাবিখা প্রকল্প বাস্তবায়নে প্রকল্প তালিকা দাখিল, এডিপি বিলের জামানতের ফেরত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পটির বাস্তবতা দেখে অর্থ ছাড় প্রদান এবং কোম্পানীগঞ্জ বাজারে জলাবদ্ধতা দূরীকরণে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল
		জনাব আহসানুল আলম কিশোর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রণোদনা প্রদান, করোনাকালীন সময়ে অনলাইন পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম পরিচালনা, করোনাকালীন জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন, রাস্তাঘাট, স্কুল-কলেজের অবকাঠামো উন্নয়নে অবদানের জন্য মাননীয় এমপি	অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রণোদনা প্রদান, করোনাকালীন সময়ে অনলাইন পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম পরিচালনা, করোনাকালীন জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন, রাস্তাঘাট, স্কুল-কলেজের	

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা যাচাই সূচকে এ উপজেলা ৮৭ পয়েন্ট অর্জন করায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন এবং হাসপাতালে একটি এ্যাম্বুলেন্স সরবরাহ করার জন্য মাননীয় এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	অবকাঠামো উন্নয়নে অবদানের জন্য মাননীয় এমপি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা যাচাই সূচকে এ উপজেলা ৮৭ পয়েন্ট অর্জন করায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন এবং হাসপাতালে একটি এ্যাম্বুলেন্স সরবরাহ করার জন্য মাননীয় এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।	
		জনাব ইউসুফ আব্দুল্লাহ হারুন, এফসিএ, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩, মুরাদনগর ২য় ধাপে করোনা ভাইরাস বিস্তাররোধকল্পে গণসচেতনতা সৃষ্টি ও পরিকল্পনা প্রণয়ন, মুজিববর্ষ উপলক্ষে গৃহহীনদের আবাসন নিশ্চিতকরণ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন।	২য় ধাপে করোনা ভাইরাস বিস্তাররোধকল্পে গণসচেতনতা সৃষ্টি ও পরিকল্পনা প্রণয়ন, মুজিববর্ষ উপলক্ষে গৃহহীনদের আবাসন নিশ্চিতকরণ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হয়।	

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

—

আহসানুল আলম কিশোর
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুরাদনগর, কুমিল্লা

স্মারক নং-০৫.৪২.১৯৮১.০০০.০৬.০০৪.২০-৭৫১(৫০)

তারিখ :

১৯ আশ্বিন ১৪২৭
০৪ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩ (মুরাদনগর)
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৪। জেলাপ্রশাসক, কুমিল্লা
- ৫। চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
- ৬। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা
- ৭। উপজেলা কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা
- ৮। চেয়ারম্যান (সকল) ইউপি, মুরাদনগর, কুমিল্লা
- ৯। বেগম সংরক্ষিত মহিলা সদস্য

৪/১০/২০
অভিষেক দাশ

উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ফোন- ০৮০২৬-৫৬১২০

unomuradnagar1@gmail.com

৪/১০/২০